[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সমন্বয় সভা

“গ্রাম আদালত কার্যক্রম” সম্পর্কে জনসচেতনতা তৈরিতে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনায় মেহেরপুরে স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকারের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

সভায় বক্তারা গ্রাম আদালতের কার্যক্রম ও এর উপকারিতা নিয়ে আলোচনা করেন। তাঁরা জনসচেতনতা বৃদ্ধিতে স্থানীয় অংশীজনদের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন এবং প্রচার কার্যক্রম আরও কার্যকর করার জন্য বিভিন্ন পরিকল্পনা উপস্থাপন করেন।

এছাড়াও এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন (ধুমকেতু), জেলা তথ্য অফিস আবদুল্লাহ আল মামুন, ডি এম মোঃ আছাদুজ্জামান, প্রোগ্রাম ও ফাইনান্স মোঃ শাহাজুল ইসলাম, ব্র্যাক জেলা সমম্বয়ক শেখ মনিরুল হুদা, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মূনীরসহ জেলার বিভিন্ন স্থানীয় প্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও অংশীজনরা অংশগ্রহণ করেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনে

নানা আয়োজন

আলোচনা সভা, পিঠা উৎসব ও সম্মাননা স্মারক প্রদানের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাব কার্যালয়ে আনুষ্ঠানিক ভাবে ক্লাবটির ৮ম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়। এ সময় আলোচনা সভা ও পিঠা উৎসবের পাশাপাশি ২০২৪ সালে মেহেরপুর জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ দিলরুবা খাতুন ও খান মাহমুদ আল রাফিকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

জেলা প্রেস ক্লাবের সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত আলোচনা সভায়, ক্লাবটির সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনা ও সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু এবং জিনিয়াস ল্যাবরেটরি স্কুলের পরিচালক আল আমিন ইসলাম বকুল।

অতিথির বক্তব্যে অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন বলেন, এই সংগঠনটির সাথে আমার সম্পর্ক দীর্ঘদিনের। বর্তমান সমাজে সাংবাদিকতা খুবই চ্যালেজ্ঞিং পেশা। যে সমাজে গণতন্ত্র থাকে না,যে সমাজ দারুণভাবে অসুস্থ, সেই সমাজে আসলে মুক্ত চিন্তা ও সাংবাদিকতার চর্চা করা প্রচন্ড চ্যালেঞ্জিং। বিগত সময়ে অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করে এই প্রেস ক্লাব নিজ অবস্থানে তৈরি করেছে। আগামীতেও সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে মেহেরপুর জেলা প্রেসক্লাব তার অবস্থান ধরে রাখবে সেই প্রত্যাশা করছি।’ এ সময় তিনি গণমাধ্যম কর্মীদের আরও বস্তুনিষ্ঠ ও মানসম্মত খবর পরিবেশন করার আহ্বান জানান।

অন্যান্য অতিথিরা তাদের বক্তব্যে জেলা প্রেসক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন। বিগত সরকারের সময়ে মেহেরপুর জেলা প্রেসক্লাব সদস্যদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের ক্ষেত্রে নির্ভীক ভূমিকার কথা উল্লেখ করে অতিথিরা সংবাদ কর্মীদের ভূয়সী প্রশংসা করেন।

আলোচনা সভা শেষে জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ কালবেলার জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি ও বাংলাদেশ সংবাদ

সংস্থা (বাসস) এর জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন কে সম্মাননা স্মারক প্রদান করা হয়। অতঃপর পিঠা উৎসব উদযাপন করা হয়।

মুজিবনগরে উপজেলা প্রশাসনের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

মাসিক সাধারন সভায় উপস্থিত নিজ নিজ দপ্তরের কার্যকম তুলে ধরেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মেডিকেল অফিসার সুরাইয়া শারমিন পুষ্প, উপজেলা প্রকৌশলী ইঞ্জিনিয়ার খালিদ হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার জাহাঙ্গীর আলম, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, ফায়ার সার্ভিস কর্মকর্তা শাহজাহান আলী, আনসার ও ভিডিপি কর্মকর্তা ফজলে রাব্বি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারেছুল আবেদ, যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সহ-সভাপতি খায়রুল বাশার। এ সময় উপজেলার সকল অধিদপ্তরের অফিসারবৃন্দ তাদের নিজ নিজ বিভাগের কাজের রিপোর্ট পেশ করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম বলেন যে উপজেলা পরিষদের সমস্ত সেবা গুলি আমরা দিচ্ছি তা যেন স্বচ্ছ এবং নিরপেক্ষ হয়। যারা সমাজে কাজ করছে তাদের সমন্বয়ে কাজগুলো করার জন্য বিভিন্ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

[redacted]

[redacted]

মেহেরপুরের শোলমারীতে মাঠ দিবস অনুষ্টিত

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামে এসিআই সীডসের আলোড়ন সৃষ্টিকারী ফুলকপি ” হোয়াইট মাস্টার ” এর উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার সময় শোলমারী উত্তরপাড়া মাঠে এই মাঠ দিবস অনুষ্ঠিত হয়। স্থানীয় রিটেলার ময়েজ উদ্দীনের সভাপতিত্বে উক্ত মাঠ দিবসে উপস্থিত ছিলেন ডিলার মোঃ নাহারুল ইসলাম ও মোঃ মুস্তাফিজুর রহমান।

আগামী সিজেনে হোয়াইট মাস্টার ফুলকপি চাষ করার ইচ্ছে পোষণ করেছে স্থানীয় চাষীরা। উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন এসিআই সীডসের মার্কেটিং অফিসার মোঃ পারভেজ আলী।

এ সময় মাঠ দিবসে আরো উপস্থিত ছিলেন শোলমারী গ্রামের ৮০/৮৫ জন চাষী।

আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকেল তিনটার সময় মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট

উদ্বোধন করেন নাজাত আলী।

মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা।

আশরাফপুর ক্রিকেট টিম অধিনায়ক ইমতিয়াজ আহমেদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইয়াসনবী মাস্টার, আমদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর বায়তুল মাল সেক্রেটারী মাওলানা আজিজুল হক, মেহেরপুর সদর উপজেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিরাজউদ্দিন, আমদহ ইউনিয়নের যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ তুষার আলী, যুবদলের ওয়ার্ড সেক্রেটারি মিলন আহমেদ, রিপন আলী প্রমুখ।

উদ্বোধনী খেলায় বন্দর একাদশ এবং কুড়োলগাছি একাদশ অংশগ্রহণ করেন।

মেহেরপুরের আমদহ ইউনিয়ন পরিষদে ওয়াচ গ্রুপের পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে বাৎসরিক কাজের অগ্রিগতি শেয়ারিং ও সংশোধিত পরিকল্পনা বিষয়ক পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ আমদহ ইউনিয়নের সভাপতি মোঃ ইসমাইল হোসেনের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র

মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

বিশেষ অতিথি ছিলেন পৌর কাউন্সিলর আব্দুর রহিম ও আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে প্রধান আলোচক আসাদুজ্জামান সেলিম তার বক্তব্যে বলেন সরকারের পাশাপাশি মউক ও গণসাক্ষরতা অভিযান মূলত মহান উদ্দেশ্য নিয়ে কাজ করছে। এসডিজি ৪- শিক্ষানীতি বাস্তবায়নে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা ও মান উন্নয়নের করণীয় বিষয়গুলো তুলে ধরতে গিয়ে বলেন বিদ্যালযের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত সহ শরীর চর্চা ও কিছু নীতি বাক্য জানা আবশ্যক শুধু তাই নয় পাঠ্য বইয়ের বাইরে ও শিক্ষা সহায়ক, শিক্ষাউপকরণ সামগ্রী ও আনন্দ বান্ধব পরিবেশের মধ্যে শিক্ষার্থীদের শিক্ষাদান পরিকল্পনা করার অনুরোধ করেন। বিশেষ করে ৩য় হতে ৫ম শ্রেণীর শিক্ষার্থী প্রত্যেক বিষয়ের ২/৪ টি বাক্য নিজের মত করে লিখতে পারবে এমন ভাবে পাঠদানের পরিকল্পনা করে তা বাস্তবে রুপ নেওয়ার ব্যবস্থা গ্রহন করতে হবে। পরিশেষে প্রতি বছর ৫%হারে ঐ দক্ষতার সংখ্যা বৃদ্ধি পাবে। সুতরাং বিদ্যালয়ের সঙ্গে জড়িত যারা আছি বা আছেন সকলের এ ব্যপারে সহায়তা করতে হবে। বিদ্যালয়ের পরিবেশ সাজসজ্জা ও শ্রেণী কক্ষগুলো শিশুদের আনন্দের সহায় হবে। তবে শিশুরা স্বানন্দে বিদ্যালয়ে আসতে আগ্রহী হবে।

ইউুপ সদস্য রেজাউল করিম বলেন এটা এক দিন সম্ভব নয় তবে ধাপে ধাপে পরিকল্পনা করে তা বাস্তবে রুপ দিতে হবে। তবে এক্ষেত্রে শিক্ষকের বড় ভূমিকা থাকতে হবে।

এ সময় আরো বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সহ সভাপতি মীর ফারুক হোসেন। এছাড়া অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের সূশীল সমাজের নাগরিক, ওয়াচ গ্রুপের সদস্য সহ আমদহ এবং আমঝুপি ইউনিয়নের জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমদহ ইউনিয়নে শিক্ষা বিষয়ক এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন,সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা,ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ সোমবার সকাল ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের হলরুমে কমিউনিটি ভিত্তিক শিক্ষা বিষয়ক প্রধান প্রধান সমস্যা চিহ্নিতকরণ ও সমস্যা নিরাসনে স্থানীয় ভাবে তথ্য সংগ্রহ এবং করণীয় বিষয়ক এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ আমদহ ইউয়িনের সহ-সভাপতি মীর ফারুক হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মো: ইসমাইল হোসেন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন যুব সদস্য ইয়াসমীন। এরপর পরিচয় পর্বের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

এ সময় আরো বক্তব্য রাখেন ইয়ুথ সদস্য ওয়াহিদ ইসলাম, ওয়াচ সদস্য সিরাজুল হক সহ আরো অনেকেই।

এছাড়া অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের যুব সদস্য,সূশীল সমাজের নাগরিক, ওয়াচ গ্রুপের সদস্য সহ আমদহ ইউনিয়নের জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।

দুর্নীতিমুক্ত নতুন বাংলাদেশ গড়ার সংগ্রামে অটল বিএনপি – জাভেদ মাসুদ মিল্টন

অন্তর্বর্তীকালীন সরকার যদি সুষ্ঠু নির্বাচন আয়োজনের মাধ্যমে একটি নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে সক্ষম হয়, সেই সহযোগিতাই বিএনপি এই সরকারকে করছে। দীর্ঘদিনের জঞ্জালে আবদ্ধ রাষ্ট্রকে সঠিক পথে পরিচালনার জন্য যে পরিবেশ ও পরিস্থিতি প্রয়োজন, তা ৩-৪ মাসের মধ্যে তৈরি করা সম্ভব নয়।

আমরা দৃঢ় প্রতিজ্ঞ এবং বারবার বলে আসছি আমাদের লড়াই কেবল একটি সুষ্ঠু নির্বাচন নয় এটি দুর্নীতিমুক্ত একটি নতুন বাংলাদেশ গড়ার সংগ্রামের অংশ। আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের কমিটমেন্ট অত্যন্ত সুস্পষ্ট বাংলাদেশ হবে একটি নতুন বাংলাদেশ।

রবিবার (২২ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে মুখার্জি পাড়ায় জেলা বিএনপি কার্যালয়ে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সভাপতির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন এ কথা বলেন।

তিনি আরো বলেন, মেহেরপুর জেলায় যে ৭ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে, তা অচিরেই দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও হাইকমান্ডের পরামর্শক্রমে পূর্ণাঙ্গ কমিটি হিসেবে প্রকাশ করা হবে। আমরা বিশ্বাস করি, এই কমিটি মেহেরপুরের রাজনৈতিক প্রেক্ষাপটকে আরও সুসংগঠিত ও কার্যকর করবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এসময় তারা বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং জেলার রাজনৈতিক পরিস্থিতি, বিএনপির সাংগঠনিক কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মতামত তুলে ধরেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সভায় পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিমসহ জেলা বিএনপির অন্যান্য নেতৃবৃন্দ এবং স্থানীয় গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।